

তারিখ 18/11/2011

**রুপি প্রতীক (₹) সহ ₹1000 মূল্যমানের ব্যাঙ্কনোট জারি**

রিজার্ভ ব্যাঙ্ক শীঘ্রই ডঃ ডি সুব্বারাও, গভর্নর, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক-এর স্বাক্ষর সম্বলিত মহান্মা গান্ধী সিরিজ 2005 অন্তর্গত ₹1000 মূল্যমানের "₹" প্রতীকসহ ইনসেট অক্ষরবিহীন ব্যাঙ্কনোট জারি করবে। ব্যাঙ্কনোটের পৃষ্ঠদেশে মুদ্রণবর্ষ 2011 মুদ্রিত থাকবে।

এখন জারি হতে চলেছে যে নোটগুলি, ₹ প্রতীক ব্যতীত, সেই নোটগুলির নকশা পূর্বে জারি করা মহান্মা গান্ধী সিরিজ 2005-এর ₹1000 মূল্যমানের ব্যাঙ্কনোটের সঙ্গে সমস্ত দিকে সদৃশ।

ব্যাঙ্ক কর্তৃক জারি করা অতীতের ₹1000 মূল্যমানের সমস্ত ব্যাঙ্কনোট বৈধ টেন্ডার হিসাবে চালু থাকবে।

**জে. ডি. দেশাই**  
সহকারী প্রবন্ধক

**প্রেস বিজ্ঞপ্তি: 2011-2012/796**